

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 16-12-2025**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশের পর এক কোটি ৩৬ লক্ষ ভোটার শুনানিতে ডাক পেতে পারেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
  - ২) যুবভারতীতে লিওনেল মেসিকে ঘিরে বিশৃঙ্খলার পরিপ্রেক্ষিতে ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসের পদত্যাগ, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এবং বিধাননগরের সিপি মুকেশ কুমারকে শোকজ। বিধাননগর পুলিশের ডিসিপি অনীশ সরকারের বিরুদ্ধে তদন্ত শেষ না হওয়া পর্যন্ত সাসপেনশনের ঘোষণা।
  - ৩) আজ ঐতিহাসিক বিজয় দিবস। এই উপলক্ষে ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তর বিজয় দুর্গে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
  - ৪) উত্তর ২৪ পরগণার ন্যাজাট থানার বয়ারমারিতে শেখ শাহজান মামলার অন্যতম সাক্ষী ভোলানাথ ঘোষকে খুনের চেষ্টার ঘটনায় পুলিশ আরও এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে।
  - ৫) কলকাতা ও সংলগ্ন এলাকায় আবহাওয়া আগামী কয়েকদিন একই রকম থাকবে বলে পূর্বাভাসে জানানো হয়েছে।
-

ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনের পর পশ্চিমবঙ্গে খসড়া ভোটের তালিকা আজ প্রকাশিত হয়েছে। প্রাথমিকভাবে খসড়া তালিকা থেকে বাদ পড়েছে ৫৮ লক্ষেরও বেশি নাম। আনম্যাপড অর্থাৎ ২০০২ সালের ভোটের তালিকার সঙ্গে কোনও সংযোগ নেই এমন ভোটারের সংখ্যা ৩০ লক্ষ। কী কারণে, নাম বাদ দেওয়া হয়েছে, তার কারণও উল্লেখ করা হয়েছে তালিকায়। নামের পাশে মৃত, অনুপস্থিত অথবা ডুপ্লিকেট, এমন কারণের উল্লেখ রয়েছে। এই রাজ্যেই প্রথম বাদ পড়া নামের তালিকার পাশাপাশি বাদ দেয়ার কারণ প্রকাশ করা হয়েছে। তবে এই সংক্রান্ত কোনও অসঙ্গতি চোখে পড়লে BLO-কে জানানো যাবে বলে কমিশন সূত্রে খবর। কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কেন 'অনুপস্থিত' লেখা রয়েছে, সেই প্রশ্নও তোলা যাবে। নিজের পরিবার, প্রতিবেশী বা পরিচিত কেউ যদি মারা গিয়ে থাকেন, তার পরও যদি সেই ব্যক্তির নাম ভোটের তালিকায় থাকে, সেক্ষেত্রেও অভিযোগ জানানো যাবে। খসড়া তালিকায় নিখোঁজ ভোটারের সংখ্যা ১২ লক্ষ ২০ হাজার ৩৮। মৃত ভোটার রয়েছেন ২৪ লক্ষ ১৬ হাজার ৮৫২। স্থানান্তরিত ভোটারের সংখ্যা ১৯ লক্ষ ৮৮ হাজার ৭৬। খসড়া তালিকায় ভুয়ো ভোটারের সংখ্যা দেখানো হয়েছে ১ লক্ষ ৩৮ হাজার ৩২৮। যাদের নাম বাদ গিয়েছে তাদেরও আশ্বস্ত করেছে কমিশন।

চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশিত হবে ১৪-ই ফেব্রুয়ারি।

নির্বাচনের কমিশনের অ্যাপ ও [voters.eci.gov.in](http://voters.eci.gov.in) এই ওয়েবসাইটে পশ্চিমবঙ্গের খসড়া ভোটের তালিকা পাওয়া যাবে। কমিশনের অ্যাপ ECINET-এও প্রকাশিত খসড়া ভোটের তালিকা।

-----

রাজ্যে ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার দ্বিতীয় পর্বে প্রায় ১ কোটি ৩৬ লক্ষ ভোটারকে প্রাথমিকভাবে শুনানিতে ডাকা হতে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। তবে যাচাইয়ের সময় একাধিকবার থাকা নাম বা ডুপ্লিকেট এন্ট্রি বাদ দেওয়া হলে এই সংখ্যা কিছুটা কমতে পারে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তবে শুনানিতে ডাক পেলেও ভয় পাওয়ার কোনো কারণ নেই। খসড়া তালিকা প্রকাশ হবার সপ্তাহখানেকের মধ্যে শুনানি পর্ব শুরু হতে পারে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানান। একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ)

-----

যুবভারতী ক্রীড়াঙ্গণে, লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনায় রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাসের পাঠানো পদত্যাগপত্র মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গ্রহণ করেছেন। নিরপেক্ষ তদন্তের স্বার্থেই তিনি পদত্যাগ করছেন বলে জানিয়েছেন।

ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর আপাতত মুখ্যমন্ত্রী সামলাবেন।

এদিকে, ক্রীড়া দপ্তরের পাশাপাশি অরূপ বিশ্বাস বিদ্যুৎ দপ্তরেরও মন্ত্রী। আজকের এই অব্যাহতি শুধুমাত্র ক্রীড়া দপ্তর থেকেই চাওয়া হয়েছে। এরফলে সংশ্লিষ্ট পদ থেকে ইস্তফা পত্র গৃহীত হলেও মন্ত্রিসভায় থাকছেন অরূপ।

উল্লেখ্য, গত শনিবার মেসির অনুষ্ঠানে ক্রীড়া মন্ত্রী সহ বিভিন্ন সরকারি আধিকারিক ও তাঁদের পরিবারের ভিড়ের জন্যই কয়েক হাজার টাকা দিয়ে টিকিট কিনতে আসা দর্শকরা মেসিকে দেখতে পাননি বলে অভিযোগ ওঠে। এরপরই মাঠে উপস্থিত দর্শকরা

ক্ষোভে ফেটে পড়েন। মাঠ জুড়ে শুরু হয় চরম বিশৃঙ্খলা। মুখ্যমন্ত্রী সেদিনই এই ঘটনার তদন্তের জন্য প্রাক্তন বিচারপতি অসীম রায়ের নেতৃত্বে কমিটি গঠন করেছিলেন।

---

এদিকে, যুবভারতীতে মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলার ঘটনার তদন্তে, সরকার গঠিত কমিটির প্রাথমিক সুপারিশের ভিত্তিতে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এবং বিধাননগরের পুলিশ কমিশনার মুকেশ কুমারকে ‘কারণ দর্শানোর’ নোটিশ পাঠানো হয়েছে। নবান্নে মুখ্য সচিব মনোজ পন্তের দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে ২৪ ঘণ্টার মধ্যে উত্তর দিতে বলা হয়েছে। এর পাশপাশি বিধাননগর পুলিশের ডেপুটি কমিশনার অনীশ সরকারের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত তিনি সাসপেন্ড থাকবেন। একইসঙ্গে ‘শো-কজ’ নোটিশ পাঠানো হয়েছে ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ কুমার সিংহকে। অপসারিত হয়েছেন যুবভারতী ক্রীড়াঙ্গণের CEO দেবকুমার নন্দনও।

অন্যদিকে, এই বিষয়ে পূর্ণাঙ্গ তদন্তের জন্য মুখ্যসচিব মনোজ পন্ত, চার IPS আধিকারিককে নিয়ে বিশেষ তদন্তকারী দল-সিট গঠনের নির্দেশ দিয়েছেন। এঁরা হলেন- পীযুষ পাণ্ডে, জাভেদ শামিম, সুপ্রতিম সরকার এবং মুরুলীধর।

---

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, লিওনেল মেসির কলকাতা সফরকে ঘিরে যুবভারতীতে সৃষ্ট বিশৃঙ্খলার ঘটনায় প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে যুক্ত সরকারী দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পক্ষে সওয়াল করেছেন। লোকভবনের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, ওই ঘটনার পর থেকেই ক্ষুব্ধ ক্রীড়াপ্রেমীদের

তরফে একাধিক অভিযোগ জমা পড়েছে। ক্রীড়ামন্ত্রীর পদত্যাগের দাবিও জানানো হয়েছে। ওই বিবৃতিতে বলা হয়েছে, যাঁরা ওই দিনের ব্যবস্থাপনায় কার্যত কর্তৃত্বের জায়গায় ছিলেন, তাঁদের দায়িত্ব এড়ানোর সুযোগ নেই। মেসিকে দেখতে না পাওয়ায় দর্শকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হওয়া স্বাভাবিক। এ ক্ষেত্রে নিরপেক্ষ ও নির্বিঘ্ন ভাবে তদন্ত এগিয়ে নিয়ে যেতে ক্রীড়ামন্ত্রী সহ সংশ্লিষ্ট সকলকেই দায়িত্ব স্বীকার করে পদত্যাগ করা উচিত বলেও রাজ্যপাল মত প্রকাশ করেছেন।

---

রাজ্যের ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসের পদত্যাগ সাজানো ঘটনা বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। দিল্লিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, হাতে লেখা ওই চিঠিতে কারো নাম নেই। তাছাড়া শুধুমাত্র পদ থেকে অব্যাহতি চাইলেই হবে না, রাজ্যের সম্মান যারা ভুলুর্গিত করেছে তাদের গ্রেপ্তার করা প্রয়োজন। রাজ্যের ডিজিপি এই ঘটনায় দায়ী হলে পুলিশ মন্ত্রীও সমানভাবে দায়ী বলে মন্তব্য করেন তিনি।

### বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ আসানসোলে এক সাংবাদিক সম্মেলনে বলেন, রাজ্য সরকার এবং পুলিশের ব্যর্থতার কারণে খেলার মাঠেও রাজনীতি প্রবেশ করেছে। রাজ্যের বিভিন্ন দুর্নীতির সঙ্গেই যুবভারতীর ঘটনায় কয়েক কোটি টাকার দুর্নীতি হয়েছে বলে মন্তব্য করেন তিনি।

---

যুবভারতীতে ভাঙচুর ও অশান্তির ঘটনায় দায়ের হওয়া জনস্বার্থ মামলার দ্রুত শুনানির আর্জি জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আইনজীবী। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চে আগামী বৃহস্পতিবার মামলার শুনানি হতে পারে। বিরোধী দলনেতার আইনজীবী বিল্বদল ভট্টাচার্য আজ শতদ্রু দত্তকে গ্রেপ্তার ও অরূপ বিশ্বাসের পদত্যাগের ঘটনাকে নাটক বলে উল্লেখ করেন। এই ঘটনায় আদৌ নিরপেক্ষ তদন্ত হবে কিনা তা নিয়ে সংশয় প্রকাশ করেন তিনি।

---

যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকাণ্ডে পুলিশের পাপের বোঝা মন্ত্রীদের বহন করতে হচ্ছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। তদন্ত কমিটিকে সামনে রেখে রাজ্য সরকারের নিজেদের পিঠ বাঁচানোর চেষ্টা বলে সামাজিক মাধ্যমে জানান শুভঙ্কর বাবু।

---

আজ ঐতিহাসিক বিজয় দিবস। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শেষে ভারতীয় সেনা ও মুক্তিযোদ্ধারা পাকিস্তানী সেনার বিরুদ্ধে লড়াই করে জয় লাভ করে। মুক্তিযোদ্ধাদের কাছে আত্মসমর্পণ করে তৎকালীন পশ্চিম পাকিস্তান। জন্ম হয় স্বাধীন বাংলাদেশের। পাকিস্তানের বিরুদ্ধে সেই ঐতিহাসিক জয়ের স্মরণে প্রতিবছর এই বিজয় দিবস পালিত হয়।

বিজয় দিবস উপলক্ষে ভারতীয় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তর বিজয় দূর্গে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তিনি বলেন,

বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য পাক সেনার বিরুদ্ধে মুক্তিযোদ্ধা ও ভারতীয় সেনার জয়লাভকে সম্মান জানাতেই প্রতি বছর দিনটি পালন করা হয়ে থাকে।

বাইট – রাজ্যপাল

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিজোরামের রাজ্যপাল ভি কে সিং, সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের জি ও সি ইন সি - জেনারেল আর সি তেওয়ারি সহ বহু বিশিষ্ট ব্যক্তি। জেনারেল ভি কে সিং বলেন, তাদের জন্য কোনটা ভালো, তা বাংলাদেশের মানুষই স্থির করবে।

Byte - V K singh

এবছর বাংলাদেশ থেকে ২০ জনের এক প্রতিনিধি দল অনুষ্ঠানের যোগ দেন। এরমধ্যে ৮ জন মুক্তি যোদ্ধা ও দু-জন সার্ভিং অফিসার।

-----

উত্তর ২৪ পরগণার ন্যাজাট থানার বয়ারমারিতে শেখ শাহজান মামলার অন্যতম সাক্ষী ভোলানাথ ঘোষকে খুনের চেষ্টার ঘটনায় পুলিশ মিনাখা থেকে নজরুল মোল্লা নামে আরও এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে ঐ ঘটনায় চারজনকে গ্রেপ্তার করা হল। জানা গেছে, ভোলা ঘোষের গাড়িতে ধাক্কা দেওয়া লরিটির দেখাশুনা করত নজরুল। এই ঘটনার প্রেক্ষিতে দায়ের হওয়া এফআইআর-এ তার নাম আছে। এই প্রথম পুলিশ এফআইআর-এ থাকা কোনো ব্যক্তিকে গ্রেপ্তার করল।

উল্লেখ্য, গত ১০ তারিখ বসিরহাট আদালতে সাক্ষী দিতে যাওয়ার সময় ভোলানাথ ঘোষের গাড়িতে ধাক্কা দেয় একটি ট্রাক। ঘটনায় তিনি প্রাণে বেঁচে গেলেও মৃত্যু হয় তার ছোট ছেলে সত্যজিত ও গাড়ি চালক শাহনূরের।

আদালত নজরুলকে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

---

স্কুল সার্ভিস কমিশনের ২০২৫ সালের নিয়োগ পরীক্ষায় তপসিলি জাতি, উপজাতি ও প্রতিবন্ধী প্রার্থীদের কমিশনের ওয়েবসাইটে তাদের জাতিগত শ্রেণীর কথা উল্লেখ করার সুযোগ দিতে হবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহম্মদ সব্বর রশিদ-এর ডিভিশন বেঞ্চ জানিয়েছেন, আজ সন্ধ্যা ৬ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে কমিশনের ওয়েবসাইটে নিজেদের ক্যাটেগরি আপডেট করার সুযোগ দিতে হবে। তবে শুধুমাত্র মামলাকারীরাই এই সুযোগ পাবেন।

উল্লেখ্য, এসএসসি নবম দশমের বিভিন্ন কোটায় সংরক্ষিত শ্রেণীর জন্য বরাদ্দ ২০০ টাকা দিয়ে কয়েকশো প্রার্থী আবেদন করছিলেন। কিন্তু কমিশনের ওয়েবসাইটে নির্দিষ্ট কলাম না থাকায় তার উল্লেখ করতে পারেন নি প্রার্থীরা। ফলে ইন্টারভিউয়ের যে তালিকা প্রকাশিত হয়েছে, সেখানে এই সব প্রার্থীদের জেনারেল বলে দেখানো হয়েছে।

এই বিষয়ে হাইকোর্টের সিঙ্গল বেঞ্চ আবেদন খারিজ করে দিলেও ডিভিশন বেঞ্চ একদিনের সময় দিয়েছে।

---

কলকাতা ও সংলগ্ন এলাকায় গত কয়েকদিন দিন ও রাত উভয় তাপমাত্রাই স্বাভাবিকের কাছাকাছি থাকায় এবং ঘন কুয়াশার অনুপস্থিতিতে ঠান্ডা কিছুটা কম অনুভূত হচ্ছে। আগামী এক সপ্তাহে রাজ্যের আবহাওয়ার তেমন কোন উল্লেখযোগ্য পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।



(বাইট ডঃ হাবিবুর রহমান বিশ্বাস)

এদিকে, কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৭ ডিগ্রী কম।

-----

আজ থেকে শুরু হচ্ছে বিশেষ অনুষ্ঠান ' আজকের প্রসঙ্গ '। উন্নয়নমূলক বিভিন্ন সরকারি প্রকল্প এবং সাম্প্রতিক বিভিন্ন বিষয় নিয়ে আমরা আপনাদের কাছে হাজির হবো এই অনুষ্ঠান নিয়ে।

আকাশবাণী কলকাতার এই বিশেষ অনুষ্ঠান এবার থেকে প্রতি মঙ্গল ও বৃহস্পতিবার রাত আটটা এবং বুধবার রাত সাড়ে নটায় শোনা যাবে গীতাঞ্জলি ও ডিটিএইচ বাংলা পরিষেবায়। এটি আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও পাওয়া যাবে।

-----